# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

উপজেলা সমবায় দপ্তর
কামারখন্দ, সিরাজগঞ্জ
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন

উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ এর সার্বিক কার্যক্রমের চিত্র।

রূপকল্প (Vision) : টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

অভিলক্ষ্য (Mission): সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে, কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

ক) কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন
২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ
৩. সমবায় সংগঠনের সক্ষতা বৃদ্ধি ও উদোক্তা সৃজন।

খ) সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম:

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
৩.কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

কার্যাবলি:

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্ধুদ্ধকরণ ও সমবায় গঠন।
২.নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন পতিষ্ঠা করা।
৩.সমবায় অধিদপ্তরের কর্মকর্তা- কর্মচারীদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা।
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যেক্তা সৃজনে সহায়তা করা।
৫.সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান।
৬.পুজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্নকর্মসংস্থান সৃষ্টি করা।
৭. গ্রামীন মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ- সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিক্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন।
৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা।
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন

**উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য।**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিক্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ সিরাজগঞ্জ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিনত করতে ও এর গুনগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমখী ও সেবাধর্মী সমবায় গঠন , সমবায় উদ্যেক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভুমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ১০০ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ২৫০০ জনকে নতুনভাবে সমবায়ের সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৮-২০১৯ সনে ১০২ টি, ২০১৯-২০ সনে ৯১ টি, ২০২০-২০২১ সনে ৮৮ টি এবং ২০২১-২০২২ সনে ৭৯ সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ প্রশিক্ষণ টিমের মাধ্যমে ৩০০( তিনশত) জন সমবায়ীকে চাহিদা ভিক্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বর্তমানে কোভিড-১৯ মহামারীর মাধ্যে উন্নয়ন ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে কামারখন্দ উপজেলার বিভিন্ন শ্রেণি পেশার মানুষের আর্থ- সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ এর চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ৯১। নানা শ্রেণী ও পেশার সম্মীলনে তৈরি হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাষন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন ও নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে সমিতি গুলোকে নিবিড় ভাবে মনিটরিং করা এ দপ্তরের অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান বর্তমান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান করা সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রুপকল্প ৪০৪১ এর বাস্তবায়ন।

# উপজেলা সমবায় কার্যালয় কামারখন্দ, সিরাজগঞ্জ
# কর্মচারীবৃন্দ :

| ক্র: নং | ছবি | নাম | পদবী | মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১ |  | দীনবন্ধু মৃধা | উপজেলা সমবায় অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ। | মোবাইল নং-০১৭১৫-৪২৮৪৫১<br>ফোন-৮৮০২৫৮৮৮৩৫২৯৫<br>e-mail:<br>uco.kamarkhanda@gmail.com |
| ২ |  | মোছা: সাপিয়া খাতুন | সহকারি পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় কামারখন্দ, সিরাজগঞ্জ। | মোবাইল নং ০১৭০৫-৩৮৯৫০৮<br>e-mail:<br>sapiakhatun1980@gmail.com |
| ৩ |  | মোছা: আলেয়া বেগম | সহকারি পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় কামারখন্দ, সিরাজগঞ্জ। | মোবাইল নং ০১৯১৫-৯০৭২৫৮<br>e-mail:<br>aleyabegumcoop@gmail.com |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ |  | জেসমিন | অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর উপজেলা সমবায় কার্যালয় কামারখন্দ, সিরাজগঞ্জ। | মোবাইল নং ০১৭৩৯-১০৪৯১১ e-e-mail: Jasminalam1987@gmail.com |
| ৫ |  | মো: রাজু আহম্মেদ | অফিস সহায়ক উপজেলা সমবায় কার্যালয় কামারখন্দ, সিরাজগঞ্জ। | মোবাইল নং ০১৭৫১-৬২০৮১২ |

# উপজেলা সমবায় কার্যালয়,কামারখন্দ, সিরাজগঞ্জ এর ২০২২-২০২৩ অর্থ

উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ এর এপ্রিল-জুন' ২০২৩ প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন

| ক্রমিক নং | সমিতির শ্রেণী | সমিতির সংখ্যা | | | | সদস্য সংখ্যা (কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রের) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুর্ববতী ত্রৈমাসিক পর্যন্ত | নিবন্ধন | বাতিল | বর্তমান ত্রৈমানিক শেষে মোট সমিতির সংখ্যা {(৩+৪)-৫} | পুর্ববতী ত্রৈমাসিক পর্যন্ত | বর্তমান ত্রৈমাসিকে হ্রাস | বর্তমান ত্রৈমাসিকে বৃদ্ধি | বর্তমান ত্রৈমাসিক শেষে মোট সদস্য সংখ্যা {(৭-৮)+৯} |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | **কেন্দ্রীয়ঃ বি আর ডি বি** | | | | | | | | |
| ১। | উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন | ১ | | | ১ | ১৪৫ | | | ১৪৫ |
| ২। | কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ১ | | | ১ | ১৩৩ | | | ১৩৩ |
| | **মোট** | ২ | ০ | ০ | ২ | ২৭৮ | ০ | ০ | ২৭৮ |
| | **প্রাথমিকঃ সাধারন** | | | | | | | | |
| ১ | প্রাথমিক কৃষি ও কৃষক সমবায় সমিতি | ৩ | | | ৩ | | | | ০ |
| ২ | প্রাথমিক মৎসজীবী/মৎস্যচাষী সমবায় সমিতি | ৩ | | | ৩ | | | | ০ |
| ৮ | প্রাথমিক মহিলা সমবায় সমিতি | ১ | | | ১ | | | | ০ |
| ৯ | মটর চালক সমবায় সমিতি লি. | ১ | | | ১ | | | | ০ |
| ১৫ | প্রাথমিক যুব সমবায় সমিতি | ১ | | | ১ | | | | ০ |
| ১৭ | প্রাথমিক সার্বিক/আদর্শ গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | ৪ | | | ৪ | | | | ০ |
| ২০ | প্রাথমিক দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট সমবায় সমিতি | ৬ | | | ৬ | | | | ০ |
| ২২ | প্রাথমিক সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ১ | | | ১ | | | | ০ |
| ২৫ | প্রাথমিক বহুমুখী সমবায় সমিতি | ৯ | | | ৯ | | | | ০ |
| ২৬ | অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি | ২ | | | ২ | | | | ০ |
| | **মোট** | ৩১ | ০ | ০ | ৩১ | ০ | ০ | ০ | ০ |
| | **প্রধানমন্ত্রীর দপ্তরঃ** | | | | | | | | |
| ১। | আশ্রায়ণ-২ | ২ | | | ২ | | | | |
| | **প্রাথমিকঃ বিআরডিবি** | | | | | | | | |
| ১ | কৃষক সমবায় সমিতি | ৭৯ | | | ৭৯ | | | | ০ |
| ২ | মহিলা সমবায় সমিতি | ৬৬ | | | ৬৬ | | | | ০ |
| ৫ | বিত্তহীন পুরুষ(পজীব)সমবায় সমিতি | ৪২ | | | ৪২ | | | | ০ |
| ৬ | বিত্তহীন মহিলা(পজীব)সমবায় সমিতি | ৯১ | | | ৯১ | | | | ০ |
| ৮ | সার্বিক গ্রাম উন্নয়ন (সিভিডিপি) | ৬০ | | | ৬০ | | | | ০ |
| | **মোট** | ৩৩৮ | ০ | ০ | ৩৩৮ | ০ | ০ | ০ | ০ |
| | **কৃষি, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়** | | | | | | | | |
| ১ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (কৃষি) | ২৭ | | ২ | ২৫ | | | | ০ |
| ২ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (মৎস্য) | ৯ | | ২ | ৭ | | | | ০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (প্রাণি সম্পদ) | ১৪ | | | ১৪ | | | | ০ |
| | **মোট** | ৫০ | | ৪ | ৪৬ | ০ | ০ | ০ | ০ |
| | **কালবভুক্তঃ** | | | | | | | | |
| ১ | প্রাথমিক সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ১ | | | ১ | | | | ০ |
| | **সর্বমোট(প্রাথমিক)** | ৪২০ | ০ | ৪ | ৪১৮ | ০ | ০ | ০ | ০ |

উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ এর এপ্রিল-জুন' ২০২৩ প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন

| ক্রমিক নং | সমিতির শ্রেণী | সদস্য সংখ্যা (প্রাথমিক সমিতির ক্ষেত্রের) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পুর্ববতী ত্রৈমাসিক পর্যন্ত | | | বর্তমান ত্রৈমাসিকে হ্রাস | | | বর্তমান ত্রৈমাসিকে বৃদ্ধি | | | বর্তমান ত্রৈমাসিক শেষে মোট সদস্য সংখ্যা | | |
| | | পুরুষ | মহিলা | মোট (১১+১২) | পুরুষ | মহিলা | মোট (১৪+১৫) | পুরুষ | মহিলা | মোট (১৭+১৮) | পুরুষ {(১১-১৪)+১৭} | মহিলা {(১২-১৫)+১৮} | মোট (২০+২১) |
| ১ | ২ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| | **কেন্দ্রীয়ঃ বি আর ডি বি** | | | | | | | | | | | | |
| ১। | উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন | | | ০ | | | ০ | | | ০ | ০ | ০ | ০ |
| ২। | কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লিঃ | | | ০ | | | ০ | | | ০ | ০ | ০ | ০ |
| | **মোট** | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **প্রাথমিকঃ সাধারন** | | | | | | | | | | | | |
| ১ | প্রাখমিক কৃষি ও কৃষক সমবায় সমিতি | ৩১ | ২২ | ৫৩ | | | ০ | ১৭ | ৫ | ২২ | ৪৮ | ২৭ | ৭৫ |
| ২ | প্রাথমিক মৎসজীবী/মৎস্যচাষী সমবায় সমিতি | ২৫৬ | | ২৫৬ | ১৫ | | ১৫ | | | ০ | ২৪১ | ০ | ২৪১ |
| ৮ | প্রাথমিক মহিলা সমবায় সমিতি | | ২০ | ২০ | | | ০ | | | ০ | ০ | ২০ | ২০ |
| ৯ | মটর চালক সমবায় সমিতি লি. | ২০ | | ২০ | | | ০ | | | ০ | ২০ | ০ | ২০ |
| ১৫ | প্রাথমিক যুব সমবায় সমিতি | ৫০ | ৩ | ৫৩ | ৩০ | ৩ | ৩৩ | | | ০ | ২০ | ০ | ২০ |
| ১৭ | প্রাথমিক সার্বিক/আদর্শ গ্রাম উন্নয়ন  সমবায় সমিতি | ১২২ | ১৮ | ১৪০ | ২৭ | ৬ | ৩৩ | | | ০ | ৯৫ | ১২ | ১০৭ |
| ২০ | প্রাথমিক দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট সমবায় সমিতি | ১০৫ | ৩৫ | ১৪০ | | ১৩ | ১৩ | ১৬ | | ১৬ | ১২১ | ২২ | ১৪৩ |
| ২২ | প্রাথমিক সঞ্চয় ও ঋণদান  সমবায় সমিতি | ২৪ | ৪৯ | ৭৩ | ১২ | ৮ | ২০ | | | ০ | ১২ | ৪১ | ৫৩ |
| ২৫ | প্রাথমিক বহুমুখী সমবায় সমিতি | ২৫৪ | ৪৪ | ২৯৮ | ২১ | | ২১ | | ৭ | ৭ | ২৩৩ | ৫১ | ২৮৪ |
| ২৬ | অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি | ৪১ | ৬২ | ১০৩ | | ৫৪ | ৫৪ | ৫ | | ৫ | ৪৬ | ৮ | ৫৪ |
| | **মোট** | ৯০৩ | ২৫৩ | ১১৫৬ | ১০৫ | ৮৪ | ১৮৯ | ৩৮ | ১২ | ৫০ | ৮৩৬ | ১৮১ | ১০১৭ |
| | **প্রধানমন্ত্রীর দপ্তরঃ** | | | | | | | | | | | | |
| ১। | আশ্রায়ণ-২ | ৩৫ | ২৭ | ৬২ | | | ০ | | | ০ | ৩৫ | ২৭ | ৬২ |
| | **প্রাথমিকঃ বিআরডিবি** | | | | | | | | | | | | |
| ১ | কৃষক সমবায় সমিতি | ২৩৪৬ | | ২৩৪৬ | | | ০ | | | ০ | ২৩৪৬ | ০ | ২৩৪৬ |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | মহিলা সমবায় সমিতি | | ২৮৩১ | ২৮৩১ | | | ০ | | | ০ | ০ | ২৮৩১ | ২৮৩১ |
| ৫ | বিত্তহীন পুরুষ(পজীব)সমবায় সমিতি | ৭৫০ | | ৭৫০ | | | ০ | | | ০ | ৭৫০ | ০ | ৭৫০ |
| ৬ | বিত্তহীন মহিলা(পজীব)সমবায় সমিতি | | ৩৩৭২ | ৩৩৭২ | | | ০ | | | ০ | ০ | ৩৩৭২ | ৩৩৭২ |
| ৮ | সার্বিক গ্রাম উন্নয়ন (সিভিডিপি) | ৮০১ | ৩৯৯ | ১২০০ | | | ০ | | | ০ | ৮০১ | ৩৯৯ | ১২০০ |
| | **মোট** | ৩৮৯৭ | ৬৬০২ | ১০৪৯৯ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩৮৯৭ | ৬৬০২ | ১০৪৯৯ |
| **কৃষি, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়** | | | | | | | | | | | | | |
| ১ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (কৃষি) | ৫৬৭ | ২৪০ | ৮০৭ | ৮৭ | | ৮৭ | | ৩০ | ৩০ | ৪৮০ | ২৭০ | ৭৫০ |
| ২ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (মৎস্য) | ১৪৬ | ৩৪ | ১৮০ | ১ | | ১ | | ৩৫ | ৩৫ | ১৪৫ | ৬৯ | ২১৪ |
| ৩ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (প্রাণি সম্পদ) | ৩১৫ | ৯৫ | ৪১০ | ১২৭ | | ১২৭ | | ১৩৯ | ১৩৯ | ১৮৮ | ২৩৪ | ৪২২ |
| | **মোট** | ১০২৮ | ৩৬৯ | ১৩৯৭ | ২১৫ | ০ | ২১৫ | | ২০৪ | ২০৪ | ৮১৩ | ৫৭৩ | ১৩৮৬ |
| | **কালবভুক্তঃ** | | | | | | | | | | | | |
| ১ | প্রাথমিক সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ১৫ | ৫ | ২০ | | | ০ | ২৪৩ | ৩৩৮ | ৫৮১ | ২৫৮ | ৩৪৩ | ৬০১ |
| | **সর্বমোট(প্রাথমিক)** | ৫৮৭৮ | ৭২৫৬ | ১৩১৩৪ | ৩২০ | ৮৪ | ৪০৪ | ২৮১ | ৫৫৪ | ৮৩৫ | ৫৮৩৯ | ৭৭২৬ | ১৩৫৬৫ |

উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ এর এপ্রিল-জুন' ২০২৩ প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন

| ক্রমিক নং | সমিতির শ্রেণী | প্রতিবেদনকালীন ত্রৈমাস পর্যন্ত | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নিজস্ব মূলধন | | | ধারকরা মূলধন | | | | কাযকরী মূলধন (২৫+২৯) |
| | | অংশগত মূলধন | সংরক্ষিত তহবিল ও নীট লাভ থেকে সৃষ্ট অন্যান্য তহবিল | মোট (২৩+২৪) | সঞ্চয় আমানত | কর্জ দেনা | অন্যান্য দেনা | মোট (২৬+২৭+২৮) | |
| ১ | ২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| | **কেন্দ্রীয়ঃ বি আর ডি বি** | | | | | | | | |
| ১। | উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন | ২০.৫৯ | ৪.৩৬ | ২৪.৯৫ | ২৮.৮৪ | ২৪.১০ | ৫৭.০৪ | ১০৯.৯৮ | ১৩৪.৯৩ |
| ২। | কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ১০.৭৩ | ২.১৪ | ১২.৮৭ | ২৯.৪৩ | ১১৫.৫৮ | ৩৬.২২ | ১৮১.২৩ | ১৯৪.১০ |
| | **মোট** | ৩১.৩২ | ৬.৫০ | ৩৭.৮২ | ৫৮.২৭ | ১৩৯.৬৮ | ৯৩.২৬ | ২৯১.২১ | ৩২৯.০৩ |
| | **প্রাথমিকঃ সাধারন** | | | | | | | | |
| ১ | প্রাখমিক কৃষি ও কৃষক সমবায় সমিতি | ১.১৪ | ০.০২ | ১.১৬ | ২.৪৩ | | | ২.৪৩ | ৩.৫৯ |
| ২ | প্রাথমিক মৎসজীবী/মৎস্যচাষী সমবায় সমিতি | ০.৩০ | ০.১৯ | ০.৪৯ | ১.৫৩ | | | ১.৫৩ | ২.০২ |
| ৮ | প্রাথমিক মহিলা সমবায় সমিতি | ০.০৪ | ০.০১ | ০.০৫ | ০.৭০ | | | ০.৭০ | ০.৭৫ |
| ৯ | মটর চালক সমবায় সমিতি লি. | ০.২০ | ০.০০ | ০.২০ | ০.২৪ | | | ০.২৪ | ০.৪৪ |
| ১৫ | প্রাথমিক যুব সমবায় সমিতি | ০.০৬ | ০.০১ | ০.০৭ | ০.৭৩ | | | ০.৭৩ | ০.৮০ |
| ১৭ | প্রাথমিক সার্বিক/আদর্শ গ্রাম উন্নয়ন সমবায় | ০.৮৩ | ০.০৪ | ০.৮৭ | ১.৫২ | | | ১.৫২ | ২.৩৯ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ | প্রাথমিক দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট সমবায় | ১.৮১ | ০.০৬ | ১.৮৭ | ১১.৯৭ | | | ১১.৯৭ | ১৩.৮৪ |
| ২২ | প্রাথমিক সঞ্চয় ও ঋণদান  সমবায় সমিতি | ০.২৩ | ০.০৭ | ০.৩০ | ০.৬৪ | | | ০.৬৪ | ০.৯৪ |
| ২৫ | প্রাথমিক বহুমুখী সমবায় সমিতি | ২.৬৩ | ০.২১ | ২.৮৪ | ২৫.৫৭ | | | ২৫.৫৭ | ২৮.৪১ |
| ২৬ | অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি | ০.৪৬ | ০.০৪ | ০.৫০ | ১.৮৭ | ০.০৩ | | ১.৯০ | ২.৪০ |
| | **মোট** | ৭.৭০ | ০.৬৫ | ৮.৩৫ | ৪৭.২০ | ০.০৩ | ০.০০ | ৪৭.২৩ | ৫৫.৫৮ |
| | **প্রধানমন্ত্রীর দপ্তরঃ** | | | | | | | | |
| ১। | আশ্রায়ণ-২ | ০.০৮ | ০.০০ | ০.০৮ | ০.০৮ | | | ০.০৮ | ০.১৬ |
| | **প্রাথমিকঃ বিআরডিবি** | | | | | | | | |
| ১ | কৃষক সমবায় সমিতি | ৭.১৮ | ৩.৪২ | ১০.৬০ | ১২.৫০ | ১৪.১০ | ২০.০৭ | ৪৬.৬৭ | ৫৭.২৭ |
| ২ | মহিলা সমবায় সমিতি | ১৩.৪১ | ০.৯৪ | ১৪.৩৫ | ১৬.৩৪ | ১০.০০ | ৩৬.৩৪ | ৬২.৬৮ | ৭৭.০৩ |
| ৫ | বিত্তহীন পুরুষ(পজীব)সমবায় সমিতি | ৩.৭৫ | ০.৭৮ | ৪.৫৩ | ৯.৬৪ | ২০.৫৪ | ১৫.২৫ | ৪৫.৪৩ | ৪৯.৯৬ |
| ৬ | বিত্তহীন মহিলা(পজীব)সমবায় সমিতি | ৬.৯৮ | ১.৩৬ | ৮.৩৪ | ১৯.৭৯ | ৯৫.০৪ | ২০.৯৭ | ১৩৫.৮০ | ১৪৪.১৪ |
| ৮ | সার্বিক গ্রাম উন্নয়ন (সিভিডিপি) | ১২.৫০ | | ১২.৫০ | ১৪.৫৬ | | | ১৪.৫৬ | ২৭.০৬ |
| | **মোট** | ৪৩.৮২ | ৬.৫০ | ৫০.৩২ | ৭২.৮৩ | ১৩৯.৬৮ | ৯২.৬৩ | ৩০৫.১৪ | ৩৫৫.৪৬ |
| | **কৃষি, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়** | | | | | | | | |
| ১ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (কৃষি) | ৭.২৫ | ০.১৩ | ৭.৩৮ | ১৪.১৩ | | | ১৪.১৩ | ২১.৫১ |
| ২ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (মৎস্য) | ১.০০ | ০.০১ | ১.০১ | ১.৫৮ | | | ১.৫৮ | ২.৫৯ |
| ৩ | প্রাথমিক সি আই জি সমবায় সমিতি (প্রাণি সম্পদ) | ৪.২০ | ০.০১ | ৪.২১ | ১৭.৫৬ | | | ১৭.৫৬ | ২১.৭৭ |
| | **মোট** | ১২.৪৫ | ০.১৫ | ১২.৬০ | ৩৩.২৭ | ০.০০ | ০.০০ | ৩৩.২৭ | ৪৫.৮৭ |
| | **কালবভুক্তঃ** | | | | | | | | |
| ১ | প্রাথমিক সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ১.৭৭ | ০.০০ | ১.৭৭ | ৭৫.৫৩ | | | ৭৫.৫৩ | ৭৭.৩০ |
| | **সর্বমোট(প্রাথমিক)** | ৬৫.৮২ | ৭.৩০ | ৭৩.১২ | ২২৮.৯১ | ১৩৯.৭১ | ৯২.৬৩ | ৪৬১.২৫ | ৫৩৪.৩৭ |

# বঙ্গবন্ধু ও সমবায়

| | |
|---|---|
| ১৯৫৪ সালে যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীসভায় কৃষি ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন |  |

| | |
|---|---|
| “আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে এই হচ্ছে আমার স্বপ্ন। এর পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনের গুরম্নত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।....আজ সমবায় পদ্ধতিতে গ্রামে গ্রামে থানায় থানায়, বন্দরে গড়ে তুলতে হবে মেহনতি মানুষের যৌথ মালিকানা। কৃষকরা তাদের উৎপাদিত ফসলের বিনিময়ে পাবে ন্যায্য মূল্য,শ্রমিকরা পাবে শ্রমের ফলভোগের ন্যায্য অধিকার” -জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |  |

বাংলাদেশে সমবা**য়ের ভিত্তি**

- সংবিধানের ১৩নং অনুচ্ছেদে সমবায়কে রাষ্ট্রীয় মালিকানার দ্বিতীয় অন্যতম খাত হিসেবে উল্লেখ
- ২০০১ সালে সমবায় সমিতি আইন প্রণয়ন (সংশোধন ২০০২,২০১৩)
- ২০০৪ সালে সমবায় সমিতি বিধিমালা প্রণয়ন (সংশোধন ২০২০)

সমবায়ের প্রকার

- প্রাথমিক
- কেন্দ্রীয়
- জাতীয়
- সমবায় ইউনিয়ন

**সমবায় সমিতি পরিচালনার ভিত্তি**

- সমবায় সমিতি আইন
- সমবায় সমিতি বিধিমালা
- সমিতির নিজস্ব উপ-আইন

**সমবায় বিভাগীয় সেবা**

- দাপ্তরিক সেবা
- অর্থ-সংশ্লিষ বিষয়ক সেবা
- আধা-বিচারিক কার্যক্রম
- প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন

- সমবায় ভিত্তিক প্রকল্প বাস্তবায়ন

**দাপ্তরিক সেবা**

- উদ্বুদ্ধকরণ সভা
- প্রাক নিবন্ধন প্রশিক্ষণ
- সমিতি নিবন্ধন
- উপ-আইন অনুমোদন
- উপ-আইন সংশোধন
- নির্বাচন কমিটি অনুমোদন
- ব্যবস্থাপনা কমিটিতে সরকারী প্রতিনিধি মনোনয়ন
- দায়ী ব্যবস্থাপনা কমিটি বাতিল
- সদস্য বহিস্কার
- দায়ী সদস্যদের বহিস্কার বা আর্থিক জরিমানা
- অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ
- নিবন্ধন বাতিল

**অর্থ সংশ্লিষ্ট বিষয়ক সেবা**

- সমিতির বিনিয়োগ/প্রকল্প প্রস্তাবনা অনুমোদন
- সমিতির বার্ষিক বাজেট অনুমোদন
- সমিতির বার্ষিক হিসাব বিবরণী গ্রহণ ও বাস্তবতা যাচাই
- বার্ষিক নিরীক্ষা সম্পাদন

- নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা
- সমিতির আর্থিক ও পরিচালনা সংক্রান্ত অনিয়ম যাচাই
- দোষী ব্যাবস্থাপনা কমিটি বা সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ
- দায়ী সদস্যকে বহিস্কার বা জরিমানা করার নির্দেশ প্রদান

**আধা-বিচারিক কার্যক্রম / মরামর্শ প্রদান**

- সমিতির নিকট হতে ডিসপুট মামলা গ্রহণ
- অভিযোগ বিষয়ে তদন্ত সম্পাদন
- শুনানী গ্রহণ
- প্রয়োজনবোধে সমন জারী
- গ্রেফতারী পরোয়ানার জন্য জেলা ম্যাজিস্ট্রেট বরারবর আবেদন
- এখতিয়ার বহির্ভূত বিষয়ে নিম্ন আদালতে পত্র যোগাযোগ
- ডিসপুট মামলা নিষ্পত্তি

**মানব সম্পদ গঠনে সমবায়**

- সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ
- সমবায়ীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ
- সমবায়ীদের দোরগোড়ায় ভ্রাম্যমাণ প্রশিক্ষণ
- স্থানীয়ভাবে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ
- আঞ্চলিক সমবায় শিক্ষায়াতন, নওগাঁতে প্রশিক্ষণ
- বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লাতে প্রশিক্ষণ

**অন্য দপ্তরের প্রকল্পে সহযোগী কার্যক্রম**

- মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ প্রকল্পাধীন সুফলভোগীদের সমবায় সমিতি
- এলজিইডির প্রকল্পাধীন পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি
- মৎস্য, কৃষি ও প্রাণি সম্পদ দপ্তরাধীন কমন ইন্টারেস্ট গ্রুপ সমবায় সমিতি
- বিআরডিবির প্রকল্পাধীন সমবায় সমিতি

**উদ্বুদ্ধকরণ সভা/অবহিতকরণ সভা**





## সফল সমিতির চিত্র-

সমবায় সমিতির (Success story) সাফল্য

‘‘কামারখন্দ উপজেলা নার্সারী মালিক সমবায় সমিতি লিঃ’’
নিবন্ধন নং ৬৫, তারিখ-১০/০৩/২০১৭ খ্রিঃ
ঠিকানা- গ্রাম: ধোপাকান্দি, ডাকঘর: বৈদ্য জামতৈল, উপজেলাঃ কামারখন্দ, জেলা: সিরাজগঞ্জ।
বঙ্গাবন্ধুর সমবায় ধারণার স্বপ্ন ধারণ করে গণ মানুষের ভাগ্যোন্নয়নে সমবায়

১) ভুমিকাঃ সমবায় আন্দোলনের মাধ্যমে কামারখন্দ উপজেলা নার্সারী মালিক সমবায় সমিতি লিঃ এর সদস্যগণ সমবায়ের আদর্শে উদ্ভুদ্ধ হয়ে র্আথ-সামাজিক ও জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। কামারখন্দ উপজেলার ধোপাকান্দি গ্রামের মধ্যে তাদের কাযর্ক্রম চালিয়ে যাচ্ছে। সমিতিটির মূল লক্ষ্য হলো সদস্যদের নিকট হতে শেয়ার ও সঞ্চয় আদায় করে পূজি গঠন, লাভজনক খাতে বিনিয়োগ, সদস্যগণের আর্থিক ও সহায়তা এবংক্ষুদ্র প্রকল্প গ্রহণের মাধ্যমে সদস্যদের জীবন মানের উন্নয়ন সাধন করা ও উৎপাদনমুখী র্কমকান্ড বৃদ্ধিসহ র্কমসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে সমিতিটি স্থানীয় জনসাধারণের আশা আকাঙ্খা ও ভরসার কেন্দ্রে পরিণত হয়েছে এবং এ জেলার সমবায় অঙ্গনে নিজস্ব অর্থে চালিত কর্মকান্ড দ্বারা স্থান করে নিয়েছে।



২) সমিতির নাম, নিবন্ধন নং ও ঠিকানাঃ কামারখন্দ উপজেলা নার্সারী মালিক সমবায় সমিতি লিঃ (নিবন্ধন নং ৬৫, তারিখ-১০/০৩/২০১৭ খ্রিঃ) ঠিকানা- গ্রাম: ধোপাকান্দি, ডাকঘর: বৈদ্য জামতৈল, উপজেলাঃ কামারখন্দ, জেলা: সিরাজগঞ্জ।

৩) সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচীঃ বর্তমানে সমিতির সদস্য সংখ্যা ২৬ জন। সমিতিতে প্রত্যেক্ষ ও পরোক্ষ ভাবে ০৮ জনের স্ব-কর্মসংস্থান হয়েছে। সমিতিটি নিজস্ব মূলধণ দ্বারা সদস্যগণ গাছের চারা উৎপাদন করে আর্থ-সামাজিক উন্নয়নে অব্যাহত আছে। যেমন- ফলজ,বনজ এবং ঔষধী গাছের চারা উৎপাদন করে উপজেলা সহ বিভিন্ন জেলায় গাছের চারা সরবারহ করে আসছে।

৪) র্কাযক্রমের র্বণনাঃ নিজস্ব অর্থে চলমান নিম্নরূপঃ (ক) গাছের চারা উৎপাদন ও বিপননঃ সমিতিটি প্রচুর পরিমানের ফলজ, বনজ এবং ঔষধী গাছের চারা উৎপাদন করে উপজেলা সহ বিভিন্ন জেলার বৃক্ষ মেলা অংশ গ্রহণ করে থাকে। সামাজিক বনায়নে বিশেষ ভুমিকা পালন করে থাকে। সদস্যগণ নিজেরাই এসব দেখশোনা করে এবং নিজেরা স্বাবলম্বী হওয়ার মাধ্যমে সমিতির দ্বারা আত্ন-কর্মসংস্থানের সৃষ্টি করে সচ্ছল জীবনযাপন করতে সামর্থ হয়েছে।



৫) কেসস্ট্যাডিঃ সমিতি গঠনের মাধ্যমে সদস্যগণ চারা গাছ উৎপাদন করে আর্থিক ভাবে সচ্ছল হয়েছেন।

৬) সফলতার ইতিহাসঃ সমিতির সদস্যগণ নিজ প্রতিষ্ঠানের কার্যক্রমের প্রতি খুব আমন্তরিক পরস্পর শ্রদ্ধাশীল এবং মিতব্যয়ী। তারা নিয়মিত তাদের সঞ্চয় জমা করে এবং বিনিয়োগের ক্ষেত্রে সজাগ দৃষ্টি রাখে এবং সমবায় আইনের যথাযথ প্রয়োগ করে থাকে।

৭) লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায়ঃ চলতি বছরে লভ্যাংশ বিতরণ করে নাই। লাভকৃত টাকা নার্সারীর চারাগাছ উৎপাদনে বিনিয়োগ করেছে। চলতি বছরে সিডি এফ আদায় এর পরিমান ৩৪৭/- টাকা মাত্র।

৮) অডিট সম্প্রর্কিত তথ্যঃ সমিতির অডিট কালে দেখা যায় সমিতিতে যথাসময়ে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ মোতাবেক প্রতি অডিট বর্ষে বিধিবন্ধ অডিট কার্যক্রম সম্পন্ন করতঃ সমবায় সমিতি আইন মোতাবেক নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

| অর্থবছর | শেয়ার | সঞ্চয় | নীট লাভ |
|---|---|---|---|
| ক) ২০২১-২০২২ | ৪০,০০০.০০ | ১,৪৮,৬৫০.০০ | ১১৫৮০.০০ |

খ) অর্থবছর বিনিয়োগ খাতে

| অর্থবছর | বিনিয়োগ খাতে |
|---|---|
| ২০২১-২০২২ | ১৩২,০০০.০০ |

৯) ব্যাংক ও অন্যান্য তথ্যঃ সমিতি নামীয় ব্যাংক হিসাবের মাধ্যমে নিয়মিত ভাবে আর্থিক কার্যক্রম ব্যাংকের মাধ্যমে পরিচালনা করে। সমিতির নামে জনতা ব্যাংক লিঃ, জামতৈল শাখা, কামারখন্দ, সিরাজগঞ্জ এর চলতি হিসাব নং ০১০০২৩৩৮৩৮।



৮) আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকাঃ সমিতির নিবন্ধন লাভের পর হর সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন পরিলক্ষিত হয়। বর্তমানে সমিতির সদস্যগণ আর্থিক ভাবে মোটামুটি স্বাবলম্বী। গণসচেতনতা সৃষ্টির জন্য সদস্যগণ নিজেদের মধ্যে যৌতুক বিরোধী প্রাচারনা, বাল্যবিবাহ বিরোধী প্রচারণা কর্মসূচির মাধ্যমে দেশ ও জাতির কল্যানকর কাজে অবদান রাখছেন। মাঝে মাঝে বিনা মূল্যে গাছের চারা বিতরণ করে সামাজিক বনায়নে গুরম্নতব পূর্ন ভুমিকা পালন করে।

# সমবায় সমিতির (Success story) সাফল্য

## “স্কায়ার মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ”

নিবন্ধন নং ৭৯, তারিখ-০৮/০৬/২০০৬খ্রিঃ

ঠিকানা- গ্রাম : জামতৈল,ডাকঘর : বৈদ্য জামতৈল, উপজেলা : কামারখন্দ, সিরাজগঞ্জ।

১. ভূমিকা : স্কয়ার মল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর সদস্যগণ সমবায়ের আদর্শে উদ্বুদ্ধ হয়ে আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। কামারখন্দ উপজেলার জামতৈল পূর্ব বাজারে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সমিতির মূল লক্ষ্য হলো সদস্যদের নিকট হতে শেয়ার ও সঞ্চয় আদায় করে পুজি গঠন, বিনিয়োগ, সদস্যগণের আর্থিক ও ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে জীবন মানের উন্নয়ন সাধন করা।





২. সমিতির নাম, নিবন্ধন নং ও ঠিকানা : স্কায়ার মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর নিবন্ধন নং ৭৯, তারিখ-০৮/০৬/২০০৬ খ্রিঃ গ্রাম : জামতৈল, ডাকঘর : বৈদ্য জামতৈল, উপজেলা : কামারখন্দ, জেলা : সিরাজগঞ্জ ।

৩. সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচী : বর্তমানে সমিতির মোট সদস্য সংখ্যা ৩০ জন তার মধ্যে ১৮ জন পুরুষ সদস্য এবং ১২ জন মহিলা সদস্য। সমিতির নিজেস্ব মূলধন দ্বারা সদস্যদের মধ্যে স্বল্প সুদে ঋণ প্রদান করা এবং তা নিয়মিত ভাবে আদায় করা। এছাড়া ব্যটারী চালিত ভ্যান তৈরী করে সদস্যদের নামে প্রদান করে কিস্তির মাধ্যমে ভ্যানের মূল্য আদায় করা হয়। এ ব্যটারী চালিত ভ্যানের মাধ্যমে সদস্যগণ স্বাবলম্বী হতে সক্ষম হয়েছে।

৪. কার্যক্রমের বর্ননা : সদস্যদের মধ্যে স্বল্প সুদে ঋণ প্রদান এবং সদস্যগণের নামে ব্যটারী চালিত ভ্যান তৈরী করে প্রদান করা হয় এবং উক্ত ভ্যানের মূল্য কিস্তির মাধ্যমে আদায় করা। পরবর্তীতে সদস্যগণ উক্ত ব্যটারী চালিত ভ্যানের মালিক হয়ে যান এবং নিজে স্বাবলম্বী হওয়ার মাধ্যম সমিতির দ্বারা আত্ম-কর্মসংস্থানের সৃষ্টি করে সচ্ছল জীবনযাপনে করতে সামর্থ হয়েছে।



৫. কেসস্ট্যাডি : সমিতি গঠনের মাধ্যমে সদস্য ঋন গ্রহণ ও ব্যাটারী চালিত ভ্যানের মালিক হয়ে আর্থিক ভাবে সচ্ছল হয়েছেন।

৬. সফলতার ইতিহাস : সমিতির সদস্যগণ নিজ প্রতিষ্ঠানের প্রতি খুব আন্তরিক পরস্পর শ্রদ্ধাশীল এবং মিতব্যয়ী । তারা নিয়মিত তাদের কিস্তি পরিশোধ করে থাকে এবং সমবায় আইনের যথাযথ প্রয়োগ করে থাকে ।

৭. লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায় : সমিতি চলতি বছরে লভ্যাংশ বিতরণ করে নাই । চলতি বছরে আদায়কৃত সিডিএফ এর পরিমাণ ২০২/- টাকা মাত্র ।

৮.অডিট সম্পর্কিত তথ্য : সমিতির বার্ষিক অডিট যথা সময়ে সম্পাদন করা হয় । অডিটের বিষয়ে ও অন্যন্য তথ্য

ক)

| অর্থবছর | শেয়ার | সঞ্চয় | নীট লাভ |
|---|---|---|---|
| ২০২০-২০২১ | ৪৮,৪০০/- | ৪,২৫,০৬২ /- | ৬,৭৩৩/- |

| খ) অর্থবছর | ঋণ খাতে বিনিয়োগ | ব্যাটারী চালিত অটোরিক্সা খাতে বিনিয়োগ |
|---|---|---|
| ২০২০-২০২১ | ২৪,৪০০/- | ১,৫০,০০০ /- |

**৯. ব্যাংক ও অন্যান্য তথ্য :** সমিতির নামে সোনালী ব্যাংক, জামতৈল শাখায় একটি সঞ্চয়ী ব্যাংক হিসাব খোলা আছে। উক্ত ব্যাংক একাইন্ট নং-৩৩০০৮১৩৭। তাছাড়া সমিতির সাধারণ খতিয়ান যথাযথ লিপিবদ্ধ আছে।

**১০. আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা :** সমিতির নিবন্ধন লাভের পর সদস্যদের মধ্যে আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন পরিলক্ষিত হয়। বর্তমান সমিতির সদস্যগণ আর্থিক ভাবে মোটামুটি স্বাবলম্বী। গণসচেতনতা সৃষ্টির জন্য সদস্যগণ নিজেদের মধ্যে যৌতুক বিরোধী প্রচারনা, বাল্য বিবাহ রোধ, মাধক বিরোধী প্রচারনা এবং টিকাদান কর্মসূচির মাধ্যমে দেশ ও জাতির কল্যাণকর কাজে অবদান রাখছেন।

## সমবায় সমিতির (Success story) সাফল্য
## “সোনালী বাংলা কৃষি সমবায় সমিতি লি:”

নিবন্ধন নং ৬৪, তারিখ-১৬/০৩/২০১৭ খ্রিঃ
ঠিকানা- গ্রাম : শাহবাজপুর, ডাকঘর : রসুলপুর, উপজেলা : কামারখন্দ, সিরাজগঞ্জ।

**১. ভূমিকা :** ‘সোনালী বাংলা কৃষি সমবায় সমিতি লি:’ এর সদস্যগণ সমবায়ের আদর্শে উদ্বুদ্ধ হয়ে আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। কামারখন্দ উপজেলার শাহবাজপুর গ্রামে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সমিতির মূল লক্ষ্য হলো সদস্যদের নিকট হতে শেয়ার ও সঞ্চয় আদায় করে পুজি গঠন, লাভজনক খাতে বিনিয়োগ, সদস্যগণের আর্থিক ও ঋণ সহায়তা এবং ক্ষুদ্র প্রকল্প গ্রহণের মাধ্যমে সদস্যগণের জীবন মানের উন্নয়ন সাধন করা।



**২. সমিতির নাম, নিবন্ধন নং ও ঠিকানা :** সোনালী বাংলা কৃষি সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন নং ৬৪, তারিখ-১৬/০৩/২০১৭ খ্রিঃ। গ্রাম : শাহবাজপুর, ডাকঘর রসুলপুর, উপজেলা : কামারখন্দ, জেলা : সিরাজগঞ্জ।

**৩. সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচী :** বর্তমানে সমিতির মোট সদস্য সংখ্যা ৩০ জন তার মধ্যে জন ১০ পুরুষ সদস্য এবং ২০ জন মহিলা সদস্য। সমিতির নিজেস্ব মূলধন দ্বারা সদস্যগণ একটি জৈব সার (কেঁচো সার) উৎপাদন খামার ও বায়োফ্লক পদ্ধতিতে মাৎস্য চাষের মাধ্যমে তাদের কার্যক্রম শুরু করেছে। সদস্যগণ নিজেরাই এসব খামার দেখভাল করে এবং নিজেরা স্বাবলম্বী হতে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**৪. কার্যক্রমের বর্ননা :** সদস্যগণ প্রথমে স্বল্প পুঁজি নিয়ে একটি জৈব সার (কেঁচো সার) উৎপাদন খামারের মাধ্যমে জৈব সার উৎপাদন শুরু করে। পরবর্তীতে আস্তে আস্তে জৈব সার উৎপাদন বৃদ্ধি করে এবং স্থানীয় চাহিদার মাধ্যমে বাজারজাত করে আসছে। এছাড়া বর্তমানে মৎস্য উৎপাদনের জন্য বায়োফ্লক পদ্ধতিতে মৎস্য চাষ শুরু করেছে। এসব কার্যক্রমের মাধ্যমে সদস্যগণ নিজেরা স্বাবলম্বী হওয়ার মাধ্যম সমিতির দ্বারা আত্ম-কর্মসংস্থানের সৃষ্টি করে সচ্ছল জীবনযাপনে করতে সামর্থ হয়েছে।




জৈব সার (কেঁচো সার) উৎপাদন




বায়োফ্লক পদ্ধতিতে মাৎস্য চাষ

**৫. কেসস্ট্যাডি :** সমিতি গঠনের মাধ্যমে সদস্য সদস্যগণ একটি জৈব সার (কেঁচো সার) উৎপাদন খামার ও বায়োফ্লক পদ্ধতিতে মাৎস্য চাষ করে আর্থিক ভাবে সচ্ছল হয়েছেন।

**৬. সফলতার ইতিহাস :** সমিতির সদস্যগণ নিজ প্রতিষ্ঠানের প্রতি খুব আন্তরিক পরস্পর শ্রদ্ধাশীল এবং মিতব্যয়ী । তারা নিয়মিত তাদের সঞ্চয় জমা করে এবং বিনিয়োগের ক্ষেত্রে সজাগ দৃষ্টি রাখে এবং সমবায় আইনের যথাযথ প্রয়োগ করে থাকে ।

**৭. লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায় :** সমিতি চলতি বছরে লভ্যাংশ বিতরণ করে নাই । লাভকৃত টাকা বায়োফ্লক পদ্ধতিতে মাৎস্য চাষে বিনিয়োগ করেছে। চলতি বছরে আদায়কৃত সিডিএফ এর পরিমাণ  ৮৪/- টাকা মাত্র ।

**৮.অডিট সম্পর্কিত তথ্য :** সমিতির বার্ষিক অডিট যথা সময়ে সম্পাদন করা হয় । অডিটের বিষয়ে ও অন্যন্য তথ্য

ক)

| **অর্থবছর** | **শেয়ার** | **সঞ্চয়** | **নীট লাভ** |
|---|---|---|---|
| ২০২০-২০২১ | ৬০,০০০/- | ১,৪০,০০০ /- | ২,৮০০/- |

খ)

| **অর্থবছর** | **জৈব সার খাতে বিনিয়োগ** | **বায়োফ্লক পদ্ধতিতে মাৎস্য চাষ খাতে বিনিয়োগ** |
|---|---|---|
| ২০২০-২০২১ | ৫০,০০০/- | ৫৫,০০০/- |

**৯. আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা :** সমিতির নিবন্ধন লাভের পর সদস্যদের মধ্যে আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন পরিলক্ষিত হয়। সমিতি প্রত্যন্ত গ্রামে হওয়ার গ্রামের ছোট ছোট ছেলেমেয়েদের লেখাপড়া জন্য একটি বিদ্যালয় পরিচালনা করে চলেছে। বর্তমান সমিতির সদস্যগণ আর্থিক ভাবে মোটামুটি স্বাবলম্বী। গণসচেতনতা সৃষ্টির জন্য সদস্যগণ নিজেদের মধ্যে যৌতুক বিরোধী প্রচারনা, বাল্য বিবাহ রোধ, মাধক বিরোধী প্রচারনা এবং টিকাদান কর্মসূচির মাধ্যমে দেশ ও জাতির কল্যাণকর কাজে অবদান রাখছেন ।





বিদ্যালয়ের চিত্র ।

## কামারখন্দ উপজেলায় কয়েকটি উল্লেখযোগ্য সমবায় সমিতি

- বড়ধুল পল্লী উন্নয়ন বহুমুখি সমবায় সমিতি লি:
- ধলেশ্বর বহুমুখি সমবায় সমিতি লি:
- স্কয়ার মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:
- কামারখন্দ উপজেলা নার্সারী মালিক সমবায় সমিতি লি:
- একতা বহুমুখি সমবায় সমিতি লি:
- জামতৈল বাজার বণিক সমবায় সমিতি লি:
- সোনালী বাংলা কৃষি সমবায় সমিতি লি:
- অভিযাত্রী বহুমুখি সমবায় সমিতি লি: ।

সমবায় সম্পর্কে মনীষীদের ভাবনা

| | |
|---|---|
|  | দেখে যা আয় রে আয়<br>দুঃখ জয়ের নবীন মন্ত্র<br>সমবায় সমবায়।। |

-সমাপ্ত-